



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১৮ ডিসেম্বর, ২০১৫

এথেন্সে প্রথমবারের মতো আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত

উদ্ধৃতি

“অভিবাসী কর্মীদের মর্যাদা প্রদান, তাদের অধিকার সংরক্ষণ এবং আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখার সীকৃতি স্বরূপ ১৮ ডিসেম্বর, ২০১৫ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রথম বারের মত বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রীস যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক অভিবাসী দিবস উদ্‌যাপন করেছে। অনুষ্ঠানে গ্রীসে বসবাসরত বাংলাদেশী কর্মজীবী ও পেশাজীবী নাগরিকগণ, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবর্গ, সাংস্কৃতিক কর্মী এবং দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত ও গীতা পাঠ করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশে মানব সম্পদ উন্নয়ন-এর উপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষ্যে আয়োজিত এই সভায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয়।

আলোচনা পর্বে বাংলাদেশ দূতাবাসের রাষ্ট্রদূত জনাব জসীম উদ্দিন প্রবাসী বাংলাদেশীদের কল্যাণ নিশ্চিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি বিষয়ে দূতাবাস কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি প্রবাসী কর্মীদের কল্যাণ নিশ্চিত করতে ডিপোর্টেশন সেন্টার, হাসপাতাল, জেলখানাসহ বিভিন্ন গার্মেন্টস ফ্যাক্টরী পরিদর্শনের কথা ও উল্লেখ করেন। তিনি আন্তর্জাতিক অভিবাসী দিবসের প্রতিপাদ্য বিষয় “বিশ্বময় অভিবাসন, সমৃদ্ধ দেশ ও উৎসবের জীবন।”-এর উল্লেখ করে একযোগে, নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্য ও আহ্বান জানান। বাংলাদেশের রাষ্ট্রদূত বর্তমান সরকারের রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে অভিবাসী কর্মীবৃন্দের ভূমিকা ও গুরুত্ব তুলে ধরে তাদেরকে স্ব স্ব ক্ষেত্রে অবদান রাখার জন্যও আহ্বান জানান। বাংলাদেশ দূতাবাসের মিনিষ্টার জনাব মোঃ তারিকুল ইসলাম এবং প্রথম সচিব (শ্রম), ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী ও উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

গ্রীসস্থ বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গনে-এ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে আগত অতিথিদের আপ্যায়ন করা হয়।

উদ্ধৃতি শেষ

Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

Press release

Athens, 18 December, 2015

**Bangladesh Embassy, Athens observes International
Immigration Day, 2015:**

Quote

"The Bangladesh Embassy in Athens for the first time has celebrated the International Immigration Day on 18 December, 2015 in a befitting manner in the Embassy premises. The programmes were attended by members of different social, political, cultural & business organizations, expatriate Bangladeshi professionals & workers and Embassy officials.

The programmes started with recitation with the Holy Quran & Srimat Bhagabat Geeta. In the beginning of the programme, a documentary film on human resources development was displayed to the Bangladesh expatriates, Then messages sent by the Hon'ble President, Hon'ble Prime Minister, Hon'ble Foreign Minister, Hon'ble Minister for Ministry of Expatriate Welfare & Overseas Employment and Secretary for Ministry of Expatriate Welfare & Overseas Employment were read out by the Embassy Officials.

Ambassador to Greece, Mr. Md. Jashim Uddin spoke on ensuring the welfare to the Bangladeshi expatriates and the steps undertaken by the Embassy to create jobs. He mentioned that that the Embassy officials are visiting the deportation centre, hospitals, jails and different garments factories. Mentioning the motto of the programme, "Immigration all over the world, developed country and festive life," he called upon the Bangladesh citizen to work together untiringly. He also urged the Bangladeshi nationals to play their role in order to realize the vision 2021 and 2041.

Mr. Tarikul Islam, Minister and First Secretary, Dr. Sayeda Farhana Noor Chowdhury also made their speech during the programme. A large number of Bangladeshi expatriate were present during the occasion."

Unquote

Tarikul Islam
Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 115 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd